২৪ ঘণ্টার মধ্যে ইরান–যুক্তরাষ্ট্র শান্তি চুক্তি চূড়ান্ত হবে: শাহবাজ শরিফ



শাহবাজ শরিফ। ছবি: সংগৃহীত

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ জানিয়েছেন, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দীর্ঘদিনের আলোচনায় থাকা শান্তি চুক্তি আগামী ২৪ ঘণ্টার মধ্যে চূড়ান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

শনিবার (১৩ জুন) পাকিস্তানের সংবাদমাধ্যম ডন এক প্রতিবেদনে এ তথ্য জানায়।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে শাহবাজ শরিফ বলেন, দুই দেশ এখন চুক্তির খুব কাছাকাছি অবস্থানে রয়েছে। চুক্তির ইলেকট্রনিক স্বাক্ষরের প্রস্তুতি চলছে এবং এরপরই কারিগরি পর্যায়ের আলোচনা শুরু হতে পারে।

তিনি আরও জানান, পুরো আলোচনাপ্রক্রিয়ায় যুক্তরাষ্ট্র ও ইরানের গঠনমূলক ভূমিকার জন্য তিনি কৃতজ্ঞ। একই সঙ্গে মধ্যস্থতাকারী ও আঞ্চলিক মিত্র দেশগুলোর সহযোগিতার প্রশংসাও করেন তিনি।

শাহবাজ শরিফ বলেন, সম্ভাব্য এই চুক্তি বাস্তবায়িত হলে তা মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা ও দীর্ঘমেয়াদি শান্তি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।